# জানুয়ারি ২০১৮ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ, শৈলকুপার সাধারণ সভার কার্যবিবরণী

| | | | | |
|---|---|---|---|---|
| সভাপতি : | মোঃ মোশাররফ হোসেন<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ। | স্থান<br>তারিখ<br>সময় | :<br>:<br>: | উপজেলা পরিষদ মিলনায়তন।<br>১১/০১/২০১৮ খ্রিঃ।<br>বেলা- ১১.০০ টা। |

উপস্থিতি : সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট- "ক"।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর সভাপতি মহোদয় আনুষ্ঠানিকভাবে সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে আহ্বান জানালে তিনি সভা পরিচালনা করেন।

পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন : গত ১৪/১২/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

বিভাগওয়ারি আলোচনা ও সিদ্ধান্ত :

| ক্রঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ:<br>প্রতিনিধি, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা জানান, ডিসেম্বর ২০১৭ মাসে বহিঃ বিভাগে ৪৫৪৩ জন, আন্ত বিভাগে ১৫৭০ জন, জরুরী বিভাগে ১৫৭০ জনকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। তাছাড়া সিজারিয়ান রোগীর সংখ্যা ৬৩ এবং নরমাল ডেলিভারী করা হয়েছে ২৬ জন। সরকারি নিয়ম অনুযায়ী ১১১৭৭০/- টাকা আয় হয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ক) রোগী দেখাসহ ডেলিভারী রোগীর প্রতি অধিকতর যত্নবান হতে হবে।<br>খ) এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার। |
| ০২ | উপজেলা প্রকৌশল বিভাগ:<br>উপজেলা প্রকৌশলী জানান, ২০১৭-১৮ অর্থবছরে এডিপি খাতে ১ম ও ২য় কিস্তিতে ২৭.৯০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। ৩য় ও ৪র্থ কিস্তির সম্ভাব্য বরাদ্দ ধরে সর্বমোট ৫৫,৮০,০০০/- টাকার বিভাজন করে প্রকল্প দাখিলের জন্য ইউপি চেয়ারম্যানগণকে পত্র প্রদান করা হয়েছে। এখনো পর্যন্ত ইউপি চেয়ারম্যানগণের নিকট হতে কোন প্রকল্প পাওয়া যায় নি। প্রকল্প প্রাপ্তির পর যাচাই-বাছাই অন্তে প্রকল্প বাস্তবায়ন করা হবে। এ ছাড়া দুধসর ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ কাজ চলমান রয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ক) দ্রুত প্রকল্প দাখিলের জন্য ইউপি চেয়ারম্যানগণকে তাগিদ প্রদান করতে হবে।<br>খ) প্রকল্প যাচাই বাছাই এর ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে। | উপজেলা প্রকৌশলী। |
| ০৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দপ্তর :<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, ২০১৭-১৮ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসুচীর আওতায় সোলার হোম সিস্টেমসহ ১ম পর্যায়ে প্রাপ্ত ৪২৯৫৭৮৬ টাকা এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচীর আওতায় সোলার হোম সিস্টেমসহ ১ম পর্যায়ে প্রাপ্ত ৬২৫৩৩৫৭.৯২ টাকা বরাদ্দের বিপরীতে ইউপি চেয়ারম্যানগণের নিকট হতে প্রকল্প পাওয়া গেছে। প্রাপ্ত প্রকল্পসমূহ যাচাই-বাছাই অন্তে অনুমোদন সাপেক্ষে বাস্তবায়ন করা হবে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ক) দপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে।<br>খ) বিধি মোতাবেক প্রকল্পসমূহ বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ:<br>উপজেলা কৃষি অফিসার জানান, এ বছরে বোরো মৌসুমে গত বছরের তুলনায় ২০০০ হেক্টর বেশি জমি আবাদ হবে। যাহার ফলে সারের চাহিদা বৃদ্ধি পাওয়ায় অসাধু সার ব্যবসায়ীদের মধ্যে বেশি দামে সার বিক্রয়ের প্রবণতা দেখা যাচ্ছে। এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে সকর্ত থাকতে হবে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ক) বোরো মৌসুমে সার ব্যবসায়ীদেরকে কঠোর নজরদারীতে রাখতে হবে।<br>খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা। |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর:<br>প্রতিনিধি উপজেলা প্রাণিসম্পদ বিভাগ জানান, আগামী ২০-২৫ জানুয়ারি ২০১৮ তারিখ পর্যন্ত প্রাণিসম্পদ সেবা সপ্তাহ- ২০১৮ পালন করা হবে। এ ব্যাপারে তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। তিনি আরো জানান, ডিসেম্বর ২০১৭ মাসে ২৭২৪ টি গবাদি পশু, ১৭৩১০ টি হাস মুরগীর চিকিৎসা দেওয়া হয়েছে। তাছাড়া মোট টিকা প্রদানকৃত পশুর সংখ্যা ৬০৫১৬টি। রাজস্ব আয় হয়েছে ৪৯২৪৬/- টাকা। এ ছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ০৬ | উপজেলা মৎস্য দপ্তর:<br>উপজেলা মৎস্য কর্মকর্তা জানান, ডিসেম্বর ২০১৭ মাসে ৫টি মৎস্য খামার পরিদর্শন, ২০ জন মৎস্য চাষী/মৎস্যজীবি ও উদ্যোক্তাকে পরামর্শ প্রদান, ৫ টি মৎস্য হাট এবং ৪টি মৎস্য আড়ৎ পরিদর্শন করা হয়। তাছাড়া ৩০ টি পুকুর জরিপ কাজসহ মৎস্য চাষিদের সাথে ০২ টি মতবিনিময় সভা করা হয়েছে। এ ছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা। |
| ০৭ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, ডিসেম্বর ২০১৭ মাসে স্থায়ী পদ্ধতি দেয়া হয়েছে ১০ জনকে, দীর্ঘ মেয়াদি পদ্ধতি দেয়া হয়েছে ১৫৭৮ জনকে এবং অস্থায়ী পদ্ধতির জন্য উপকরণ বিতরণ হয়েছে মোট ৫১৯৪৭ পিস। ৬৯৫ জন গর্ভবতী মায়ের যত্ন, ২১০ জন গর্ভোত্তর মায়ের যত্ন, প্রসব সেবা ২৪ জন, শিশু পরিচর্যা ১০৯৯ জন এবং ৩৭৫৫ জন সাধারণ রোগীর সেবা প্রদান করা হয়েছে। এ ছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক) পরিবার পরিকল্পনা কার্যক্রমে এ ধারা অব্যাহত রাখতে হবে।<br>খ) সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর:<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান, ৬ষ্ঠ শ্রেণী হতে নবম শ্রেণী এবং এবতেদায়ী ১ম হতে ৫ম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীদের মাঝে সুষ্ঠুভাবে বিনামুল্যে বই বিতরণ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। তাছাড়া শীতকালীন ক্রীড়া প্রতিযোগীতা সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। |
| ০৯ | উপজেলা শিক্ষা দপ্তর:<br>উপজেলা শিক্ষা অফিসার জানান, ১ম শ্রেণী হতে ৪র্থ শ্রেণী পর্যন্ত ২০১৭ সালের বার্ষিক পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। তাছাড়া ১ জানুয়ারি ২০১৮ তারিখে কবিরপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মাননীয় সংসদ সদস্য, চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার উপস্থিতিতে সকল শিক্ষার্থীদের মাঝে নতুন বই তুলে দিয়ে বই উৎসব পালন করা হয়েছে। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১০ | উপজেলা সমাজসেবা দপ্তর:<br>উপজেলা সমাজসেবা অফিসার জানান, ২০১৭-১৮ অর্থ বছরে ইউনিয়ন ওয়ারি অতিরিক্ত ভাতার বরাদ্দ পাওয়া গেছে। ইউপি চেয়ারম্যানদের নিকট তালিকা চেয়ে পত্র প্রেরণ করা হয়েছে। তালিকা প্রাপ্তির পর যাচাই-বাছাই পূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। অন্যান্য ভাতা বিতরণ কার্যক্রম সাভাবিকভাবে চলমান রয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |
| ১১ | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ):<br>আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) জানান, বিদ্যুৎ লাইন সম্প্রসারণের কাজ চলমান রয়েছে। এ ব্যাপারে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ)। |

| | | | |
|---|---|---|---|
| ১২ | উপজেলা নির্বাচন অফিস:<br>উপজেলা নির্বাচন অফিসার জানান, উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা আসনের শূন্যপদে উপ নির্বাচনের জন্য তফসিল ঘোষণা করা হয়েছে। আগামী ২৯ জানুয়ারি/২০১৮ তারিখে অনুষ্ঠেয় নির্বাচনে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরো জনান, গত ২/০১/১৮ তারিখে প্রকাশিত ভোটার তালিকা দেখার জন্য ১৭ জানুয়ারি/২০১৮ তারিখ পর্যন্ত উন্মুক্ত থাকবে। তালিকায় কোন ভুল থাকলে, আবেদনের মাধ্যমে সংশোধন করা যাবে। তাছাড়া পরিচয়পত্র সংশোধন, হারানো এবং ভোটার স্থানান্তর কার্যক্রম চলমান রয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার এবং সকল ইউপি চেয়ারম্যন। |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার দপ্তর:<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, ২০১৭-১৮ অর্থবছরে ভিজিডি চক্রের ইউনিয়ন পর্যায়ে ২৩৮২জন উপকার ভোগীর মধ্যে জানুয়ারি/১৮ মাসের ভিজিডি খাদ্য বিতরণ চলমান রয়েছে। ২০১৭-১৮ অর্থ বছরে কর্মজীবি ল্যাকটেটিং মাদার সহায়তা তহবীলের আওতায় ৪০ জন এবং ৭২৮ জন মাতৃত্বকাল ভাতাভোগী নির্বাচন কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। যৌতুক ও বাল্যবিবাহ সংক্রান্ত ৬টি ইউনিয়নে সভা করা হয়েছে। ইভটিজিং প্রতিরোধ কার্যক্রম চলমান আছে। নারী উন্নয়ন ও জেন্ডার সমতা উন্নয়নে জনসচেতনতামূলক কার্যক্রম এবং বাল্য বিবাহ ও আত্মহত্যা প্রতিরোধ কার্যক্রম অব্যাহত রয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর:<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, ডিসেম্বর ২০১৭ মাসে আদায়যোগ্য ঋণের পরিমাণ ২৫৬৫২৫/- এবং আদায়কৃত ঋণের পরিমাণ ২৩৫৩৭২/- টাকা। তিনি আরো জানান, এ উপজেলায় যুব ঋণ খেলাপির পরিমাণ ১০৯৩৭১৭ টাকা। তন্মধ্যে ডিসেম্বর মাসে আদায়ের পরিমাণ ১৯৮০০ টাকা। তাছাড়া যুব প্রশিক্ষণ কার্যক্রমসহ ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে।<br>খ) সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার। |
| ১৫ | উপজেলা সমবায় দপ্তর:<br>উপজেলা সমবায় অফিসার জানান, এ পর্যন্ত ঋণ বিতরণের পরিমান ৫৬,৭৯,০০০/- টাকা। ডিসেম্বর ২০১৭ মাসে ঋণ আদায় হয়েছে ৫১,৭৮০/- টাকা। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা সমাবয় অফিসার। |
| ১৬ | উপজেলা রিসোর্স সেন্টার:<br>ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার জানান, ডিসেম্বর/১৭ মাসে রুটিন মাফিক বিদ্যালয় পরিদর্শনসহ প্রশিক্ষণের কাজ চলছে। ইন্সট্রাক্টর কর্তৃক এ মাসে ০৫টি বিদ্যালয় ও সহকারী ইন্সট্রাক্টর কর্তৃক ০৩টি বিদ্যালয় পরিদর্শন করা হয়েছে। ২টি স্লিপ কার্যক্রম পর্যবেক্ষণ করা হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার। |
| ১৭ | উপজেলা প্রকল্প কর্মকর্তার দপ্তর (বিআরডিবি):<br>উপজেলা প্রকল্প কর্মকর্তা (BRDB) জানান, ডিসেম্বর ২০১৭ মাসে ২,৪২,০০০/- টাকা ঋণ বিতরণসহ ঋণের পরিমান ১৯,৯৭,৮৭০০০/- টাকা এর বিপরীতে ডিসেম্বর ২০১৭ মাসে ৪৫১০০০/- টাকাসহ মোট ঋণ আদায়ের পরিমান ২১,৭০,৩০,০০০/- টাকা। মোট সমিতিরি সংখ্যা ১১৭টি এবং সদস্য সংখ্যা ৪০৭৯ জন। তাছাড়া ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম যথানিয়মে পরিচালিত হচ্ছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে।<br>খ) সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা প্রকল্প কর্মকর্তা। |
| ১৮ | একটি বাড়ি একটি খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক:<br>উপজেলা সমন্বয়কারী ও শাখা ব্যবস্থাপক, একটি বাড়ি একটি খামার প্রকল্প জানান, ডিসেম্বর মাসে নতুন ০৮ টি সমিতি গঠিত হওয়ার মোট সমিতির সংখ্যা ২৩৩ টি। যার বিপরীতে সমিতির মোট সদস্য সংখ্যা ১১৬৩৬ জন। ডিসেম্বর ২০১৭ মাসে বিতরণকৃত মোট ঋণের পরিমাণ ৬৮,৭৮,০০০/- টাকা এবং ঋণ আদায় ৪১,৮০,০০০/- টাকা। মোট সঞ্চয় আদায় ৫,২৫,৮৬,০০০/- টাকা। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা সমন্বয়কারী/শাখা ব্যবস্থাপক, একটি বাড়ি একটি খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক |

| | | | |
|---|---|---|---|
| ১৯ | খাদ্য বিভাগ:<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, অত্র উপজেলার খাদ্য মজুদ পরিস্থিতি সন্তোষজনক আছে। আমন চাল সংগ্রহ ২০১৭-১৮ কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। অত্র উপজেলায় ৫ মে.টন খাদ্য ধারণ ক্ষমতা সম্পন্ন গুদাম নির্মাণের কাজ সাময়িকভাবে বন্ধ রয়েছে। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক এবং সকল ধান, চাল ও গম ব্যবসায়ী। |
| ২০ | উপজেলা পরিসংখ্যান দপ্তর:<br>উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার। |
| ২১ | পল্লী দারিদ্র্য বিমোচন দপ্তর:<br>পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা জানান, ৬২ টি সমিতির ২১৫০ জন সদস্যের বিপরীতে চলতি বছরে এ পর্যন্ত ২,৭৫,২৬,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। তন্মধ্যে আদায় হয়েছে ২,৬৪,০২,০০০/- টাকা। তাছাড়া সমিতির মাধ্যমে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, শৈলকুপা। |
| ২২ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ:<br>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান, অত্র উপজেলায় বিআরডব্লিউএসএসপি (BRWSSP) প্রকল্পের অধীন সারুটিয়া, হাকিমপুর, ধলহরাচন্দ্র ও মনোহরপুর ইউনিয়নে ১০০টি গভীর তারা নলকুপ স্থাপনের কাজ যথাসময়ের মধ্যে সম্পন্ন করা হয়েছে। তিনি আরো জানান, প্রতিটি ইউনিয়নে ১০টি করে স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন স্থাপনের স্থান তালিকা যে সকল ইউপি চেয়ারম্যানগণ দাখিল করেননি। তাঁদেরকে দ্রুত স্থান তালিকা দাখিলের জন্য সভার মাধ্যমে অনুরোধ জানান। তাছাড়া এডিপি এর বরাদ্দকৃত নলকুপ স্থাপনের কাজ চলমান রয়েছে। এ ছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)। |
| ২৩ | উপজেলা প্রতিবন্ধী দপ্তর:<br>প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা সভায় জানান, প্রতিবন্ধী বিষয়ক বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে । এ ছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে ।। | সেবা প্রদানসহ দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা। |
| ২৪ | উপজেলা আনসার ও ভিডিপি দপ্তর :<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান, ৭নং হাকিমপুর ইউনিয়নে সাধুহাটি গ্রামে অস্ত্রবিহীন ভিডিপি মৌলিক প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। তাছাড়া চলতি মাসে ৮নং ধলহরাচন্দ্র ইউনিয়নে ৬৪ জন সদস্য নিয়ে ১০ দিন মেয়াদি অস্ত্রবিহীন ভিডিপি মৌলিক প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে। তিনি এ ব্যাপারে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের সহযোগিতা কামনা করেন। এ ছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | ইউপি চেয়ারম্যান ও উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা। |
| ২৫ | বন বিভাগ:<br>ফরেস্টার, বন বিভাগ জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | ফরেস্টার, বন বিভাগ। |
| ২৬ | বিবিধ :<br>ক) ইনোভেশন উদ্যোগ: উপজেলা নির্বাহী অফিসার সকল বিভাগীয় প্রধানকে নিজ নিজ বিভাগীয় কার্যক্রমের উপর কমপক্ষে ১টি ইনোভেশন উদ্যোগ গ্রহণ করার জন্য সভায় অনুরোধ জানান। | সকল বিভাগীয় প্রধান নিজ নিজ বিভাগীয় কার্যক্রমের উপর ইনোভেশন উদ্যোগ গ্রহণ করবেন এবং উপজেলা নির্বাহী অফিসারের নিকট অতিসত্বর তালিকা দাখিল করবেন। | সকল বিভাগীয় প্রধান ও উপজেলা নির্বাহী অফিসার। |
| | খ) উপজেলা পরিষদের জরুরী প্রয়োজনে নিম্নবর্ণিত অর্থ ব্যয় করা হয়েছে। উক্ত ব্যয়ের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>১) ডিসেম্বর ২০১৭ মাসে উপজেলা পরিষদের ইন্টারনেট সংযোগ ৮৭০/- (আটশত সত্তর) টাকা।<br>২) আগুনে পুড়ে ক্ষতিগ্রস্থ হওয়ায় ৪ জনকে ক্ষতিপুরণ বাবদ ৩৫,০০০/- (ত্রিশ হাজার) টাকা। | বর্ণিত ব্যয়সমূহ সভায় অনুমোদন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার। |

| | | | |
|---|---|---|---|
| | গ) জনাব আফরোজা নাসরিন লিপি, মহিলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি, নারী উন্নয়ন ফোরাম, শৈলকুপা সভাকে অভিহিত করেন যে, নারী উন্নয়ন ফোরামের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি ফোরামের কার্যক্রম পরিচালনায় সকলের সহযোগিতা কামনা করেন। | সার্বিক কার্যক্রম আরও জোরদার করতে হবে। | সভাপতি, নারী উন্নয়ন ফোরাম। |
| | ঘ) উপজেলার সকল কর্মকর্তাকে সরকারি নির্দেশনামতে কর্মস্থলে অবস্থান করে যথাযথভাবে দায়িত্ব পালনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সকল বিভাগীয় প্রধানকে যথাসময়ে অফিসে আগমন এবং প্রস্থান করতে হবে। | স্ব স্ব বিভাগীয় প্রধান |
| | ঙ) যৌতুকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলার লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ে গঠিত কমিটির নিয়মিত সভা সমাবেশ ও বাল্যবিয়ে রোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ প্রতি ইউনিয়নের অন্তত একটি গ্রামকে যৌতুকমুক্ত গ্রাম হিসেবে ঘোষণা করার উদ্দেশ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সকল ইউ.পি চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়। | প্রতিটি ইউনিয়নে অন্তত ১টি গ্রাম যৌতুকমুক্ত ঘোষণা করতে হবে। | সকল ইউপি চেয়ারম্যান |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২২/০১/২০১৮

(মোঃ মোশাররফ হোসেন)
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শৈলকুপা, ঝিনাইদহ।

স্মারক নং : ০৫.৪৪.৪৪৮০.০০০.০৫.০০২.১৭- ৫৮ (৫০)

তারিখ: ২২/০১/২০১৮ খ্রিঃ।
০৯/১০/১৪২৪ বঙ্গাব্দ।

অনুলিপি সদয় অবগতির জন্য :

০১। জনাব মোঃ আব্দুল হাই, মাননীয় সংসদ সদস্য, ৮১ ঝিনাইদহ-১।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পলী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
০৫। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০৬। উপসচিব (জেলা প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
০৭। মেয়র, শৈলকুপা পৌরসভা, শৈলকুপা।
০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা।

অনুলিপি কার্যার্থে :

০৯। চেয়ারম্যান,................................(সকল) ইউ,পি, শৈলকুপা।
১০। উপজেলা..................................কর্মকর্তা, শৈলকুপা, ঝিনাইদহ।
১১। ........................................................................ ...।

22/1/2018

(মোঃ উসমান গনি)
উপজেলা নির্বাহী অফিসার
শৈলকুপা, ঝিনাইদহ।

জানুয়ারি ২০১৮ মাসে অনুষ্ঠিত সভায় উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে ও জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) (পরিশিষ্ট-ক) :

| ক্রমিক নং | নাম | পদবী | উপস্থিত(√) |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ শামিম হোসেন | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা। | √ |
| ২ | আফরোজা নাসরিন লিপি | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা। | √ |
| ৩ | মোঃ মকবুল হোসেন | চেয়ারম্যান, ২ নং মির্জাপুর ইউনিয়ন পরিষদ, শৈলকুপা | √ |
| ৪ | জনাব মোঃ কামরুজ্জামান জিকু | চেয়ারম্যান, ৭ নং হাকিমপুর ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | √ |
| ৫ | জনাব মোঃ মতিয়ার রহমান | চেয়ারম্যান, ৮ নং ধলহরাচন্দ্র ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | √ |
| ৬ | জনাব মোঃ নজরুল ইসলাম | চেয়ারম্যান, ১০ নং বগুড়া ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | √ |
| ৭ | জনাব হেলাল উদ্দীন | চেয়ারম্যান, ১১ নং অবাইপুর ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | √ |
| ৮ | জনাব মোঃ ফারুক হোসেন বিশ্বাস | চেয়ারম্যান, ১২ নং নিত্যানন্দপুর ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | √ |
| ৯ | জনাব মোঃ সাব্দার হোসেন মোল্যা | চেয়ারম্যান, ১৩ নং উমেদপুর ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | √ |
| ১০ | জনাব মোঃ সায়ুব আলী জোয়ার্দার | চেয়ারম্যান, ১৪ নং দুধসর ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | √ |
| ১১ | জনাব মোঃ জামিনুর রহমান | চেয়ারম্যান, ১৫ নং ফুলহরি ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | √ |
| ১২ | জনাব মোঃ মশিউর রহমান | উপজেলা নির্বাচন অফিসার, শৈলকুপা। | √ |
| ১৩ | জনাব মোঃ সানাউল হক | উপজেলা প্রকৌশলী , শৈলকুপা। | √ |
| ১৪ | জনাব সনজয় কুন্ডু | উপজেলা কৃষি অফিসার, শৈলকুপা। | √ |
| ১৫ | জনাব ডাঃ মোঃ গোলাম মোস্তফা | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, শৈলকুপা। | √ |
| ১৬ | জনাব রেশমা খানম | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শৈলকুপা । | √ |
| ১৭ | জনাব মোঃ জালাল উদ্দিন | সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), শৈলকুপা। | √ |
| ১৮ | জনাব মোঃ মাসুদ আহমেদ | উপজেলা সমাজসেবা অফিসার, শৈলকুপা। | √ |
| ১৯ | জনাব আবুল বাসার মোঃ মুত্তালিব | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, শৈলকুপা। | √ |
| ২০ | জনাব মোঃ হুমায়ুন কবির | উপজেলা প্রকল্প কর্মকর্তা, বিআরডিবি, শৈলকুপা। | √ |
| ২১ | জনাব শামীম আহমেদ খান | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শৈলকুপা। | √ |
| ২২ | জনাব মোঃ রেজাউল করিম | উপজেলা শিক্ষা অফিসার, শৈলকুপা। | √ |
| ২৩ | জনাব মুহাম্মদ ওয়ালিউর রহমান | উপজেলা পরিসংখ্যান অফিসার, শৈলকুপা। | √ |
| ২৪ | জনাব মোঃ জহুরুল ইসলাম | ইন্সট্রাক্টর, ইউআরসি, শৈলকুপা পক্ষে। | √ |
| ২৫ | ডাঃ খোঃ মোঃ বাবর | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, শৈলকুপা। | √ |
| ২৬ | জনাব মোঃ হাফিজ আল আসাদ | প্রতিবন্ধী কর্মকর্তা, শৈলকুপা। | √ |
| ২৭ | জনাব মোঃ মিজানুর রহমান | উপজেলা যুব উন্নয়ন অফিসার, শৈলকুপা। | √ |
| ২৮ | মোঃ মোজাম্মেল হক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | √ |
| ২৯ | জনাব মৃগেন্দ্র নাথ সাহা | উপজেলা হিসাবরক্ষন অফিসার, শৈলকুপা। | √ |
| ৩০ | জনাব ইমন হোসেন | উপজেলা সমন্বয়কারী, এবাএখা, শৈলকুপা। | √ |
| ৩১ | জনাব মোঃ আব্দুর রহমান | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস, শৈলকুপা। | √ |
| ৩২ | জনাব মোঃ আবু আরিফ রেজা | উপজেলা সমবায় অফিসার (ভারপ্রাপ্ত), শৈলকুপা। | √ |
| ৩৩ | জনাব মোছাঃ রোকেয়া খাতুন | উপজেলা আনসার ভিডিপি অফিসার, শৈলকুপা। | √ |
| ৩৪ | জনাব আবু নঈম মোঃ নুরুন্নবী | ফরেস্টার, বন বিভাগ, শৈলকুপা। | √ |
| ৩৫ | জনাব মোঃ হাবিবুর রহমান | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, শৈলকুপা। | √ |
| | | অনুপস্থিত | |
| ১ | জনাব মোঃ শাহিদুজ্জামান | প্রতিনিধি, আবাসিক প্রকৌশলী, বিদ্যুৎ, শৈলকুপা। | × |
| ২ | মোঃ জোয়াদুর রসুল | উপজেলা মৎস্য কর্মকর্তা, শৈলকুপা। | × |
| ৩ | জনাব মোঃ জহুরুল হক খান | চেয়ারম্যান, ১ নং ত্রিবেনী ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | × |
| ৪ | জনাব মোঃ জিল্লুর রহমান তপন | চেয়ারম্যান, ৩ নং দিগনগর ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | × |
| ৫ | এ্যাড. সালাহ উদ্দিন জোয়ার্দার | চেয়ারম্যান, ৫ নং কাঁচেরকোল ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | × |
| ৬ | জনাব মোঃ মাহামুদুল হাসান মামুন | চেয়ারম্যান, ৬ নং সারুটিয়া ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | × |
| ৭ | জনাব মোঃ মোস্তফা আরিফ রেজা (মন্নু) | চেয়ারম্যান, ৯ নং মনোহরপুর ইউনিয়ন পরিষদ, শৈলকুপা। | × |